



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র/২০১১/১৮৪১

তারিখঃ ২৫/০৩/২০১৫ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৪০ তম কমিশন সভা অদ্য ২৫/০৩/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সিলেট মেট্রো সিটি সিকিউরিটিজ লিমিটেড (সিলেট মেট্রো) (সিএসই ট্রেক নং- ২৫ এবং ডিপজিটরি পার্টিসিপেন্ট নং- ৩৯৩০০) কর্তৃক তাঁর গ্রাহকদের শেয়ার ও অর্থ আত্মসাতের বিষয়টি কমিশনের তদন্ত দল কর্তৃক উদ্ঘাটিত হওয়ার প্রেক্ষিতে কমিশন বিগত নভেম্বর ০২, ২০১৪ তারিখে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ (সিএসই) -কে নির্দেশ প্রদান করেছিল যে, সিএসই, সিলেট মেট্রো কর্তৃক তাঁর গ্রাহকের প্রাপ্যতা অনুযায়ী অনতিবিলম্বে সিকিউরিটিজ ও অর্থ পরিশোধ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় তদারকি করবে এবং এ সম্পর্কিত একটি প্রতিবেদন ৩০ নভেম্বর ২০১৪ তারিখের মধ্যে কমিশনে দাখিল করবে। তৎপ্রেক্ষিতে সিএসই কর্তৃক নভেম্বর ৩০, ২০১৪ ও জানুয়ারী ২৭, ২০১৫ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় যে, সিলেট মেট্রো তাঁর গ্রাহকের শেয়ার ও অর্থ কমিশনের নির্দেশ মোতাবেক ফেরত দিতে ব্যর্থ হয়েছে। সার্বিক বিবেচনায় সিলেট মেট্রো সিটি সিকিউরিটিজ লিমিটেড এর গ্রাহকগণের সিকিউরিটিজ ও অর্থের দাবীসমূহ আগামী ৩০ জুন ২০১৫ এর মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিলেট মেট্রো সিটি সিকিউরিটিজ লিঃ -কে এবং উক্ত নিষ্পত্তির বিষয়টি সমন্বয় ও তদারকি করার জন্য চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ ও সেন্ট্রাল ডিপজিটরী বাংলাদেশ লিঃ -কে নির্দেশ প্রদান করা হবে মর্মে আজকের সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
২. এছাড়াও আজকের সভায় মেয়াদী (close-end) ফান্ড “আইসিবি এএমসিএল ইসলামিক মিউচুয়াল ফান্ড” রূপান্তর প্রক্রিয়া অনুসরণ পূর্বক বে-মেয়াদী (open end) “আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড” এর প্রসপেক্টাস কমিশন অনুমোদন করেছে। প্রসপেক্টাস অনুযায়ী উক্ত ফান্ডের টার্গেট সাইজ ২০ কোটি টাকা, যার মধ্যে পূর্বতন ফান্ডের ইউনিট হোল্ডারগণ প্রাপ্য হবেন ১৭.৮৭ কোটি টাকা এবং বাকী ২.১৩ কোটি টাকা পাবলিক সাবস্ক্রিপশনের মাধ্যমে সংগৃহীত হবে। “আইসিবি এএমসিএল ইসলামিক মিউচুয়াল ফান্ড” এর ৩১ ডিসেম্বর ২০১৪ এর ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদন (Valuation Report) অনুযায়ী ফান্ডের নীট সম্পদ মূল্য (NAV) ১৭.৮৭ কোটি টাকা, ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (NAV per unit) টাঃ ১৭.৮৭/-। রূপান্তরিত ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিয়োজিত আছে আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ। উল্লেখ্য যে, “আইসিবি এএমসিএল ইসলামিক মিউচুয়াল ফান্ড” এর মেয়াদ আরো ২ মাস অর্থাৎ ৩১ মে ২০১৫ ইং পর্যন্ত বর্ধিত করা হয়েছে।


২৫/০৩/২০১৫
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র